# কুমিল্লার তিন মামলায় বেগম খালেদা জিয়াকে অব্যাহতি



বেগম খালেদা জিয়া: সংগৃহীত ছবি

২০১৫ সালে কুমিল্লার চৌদ্দগ্রামে বাসে পেট্রোল বোমা হামলা ও কাভার্ডভ্যান অগ্নিসংযোগের ঘটনায় দায়ের করা তিনটি মামলায় বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়াকে অব্যাহতি দেওয়া হয়েছে।

সোমবার (৭ জুলাই) বিষয়টি নিশ্চিত করেছেন কুমিল্লা জেলা সরকারি কৌঁসুলি (পিপি) মো. কাইমুল হক রিংকু। তিনি জানান, “এই মামলাগুলো বিগত আওয়ামী লীগ সরকারের আমলে রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিতভাবে দায়ের করা হয়েছিল বলে আইন মন্ত্রণালয়ে আবেদন করা হয়। মন্ত্রণালয় সেই আবেদন মঞ্জুর করে মামলা প্রত্যাহারের নির্দেশ দিয়েছে।”

২০১৫ সালের ৩ ফেব্রুয়ারি চৌদ্দগ্রামের জগমোহনপুরে বাসে পেট্রোল বোমা হামলায় ৮ জন নিহত হন। একই বছরের ২৫ জানুয়ারি হায়দারপুরে একটি কাভার্ডভ্যানে অগ্নিসংযোগের ঘটনায় নাশকতার মামলাও হয়। উভয় ঘটনায় খালেদা জিয়াসহ শতাধিক বিএনপি নেতা-কর্মীকে আসামি করা হয়।

তদন্ত ও শুনানির পর বিচারকরা উল্লেখ করেন, ওই সময় খালেদা জিয়া গুলশানে নিজ বাসায় অবরুদ্ধ ছিলেন, ফলে ঘটনার সঙ্গে তাঁর সংশ্লিষ্টতার কোনো প্রমাণ পাওয়া যায়নি। এতে তিনি মামলাগুলো থেকে অব্যাহতি পান।

বর্তমানে চৌদ্দগ্রাম থানায় বেগম খালেদা জিয়া ও বিএনপির কোনো কেন্দ্রীয় নেতার বিরুদ্ধে মামলা নেই বলে জানিয়েছেন জেলা পিপি।